সংগ্রাম বার্তা
একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী
১৯ তম বর্ষ | সংখ্যা ৬৫ | জানুয়ারি ২০২৩



বরগুনা গণকবরে সমাহিত ১৯৭১ সালে মহান স্বাধীনতা যুদ্ধে আত্মদানকারী শহীদদের প্রতি ফুল দিয়ে বিনম্র শ্রদ্ধা জানাচ্ছে স্থানীয় উন্নয়ন সংস্থা সংগ্রাম।

# সংগ্রাম'র স্টাফদের অন্য কোথাও চাকুরি খুঁজতে হবেনা...

**-নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন**



'কর্মীরা আছে বলেই ছোট থেকে আজ বড় পরিসরে বরিশাল বিভাগ জুড়ে পঞ্চাশ ব্রাঞ্চ তৈরি হয়েছে। প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম যেভাবে কর্মীবান্ধব ছিলেন, তাঁদের উন্নতিতে ভাবতেন, তেমনি করেই বর্তমান সময়ের সাথে তাল মিলিয়ে সংগ্রাম স্টাফদের সকল ধরণের সুযোগ সুবিধা প্রদানে সংগ্রাম থাকবে বদ্ধপরিকর। যাতে করে সংগ্রাম'র স্টাফদের অন্য কোথাও চাকুরি যেন খুঁজতে না হয়।' ২৪ ডিসেম্বর পিরোজপুর জেলার ভান্ডারিয়া উপজেলাধীন হরিণপালা ইকোপার্কে দিনব্যাপী অনুষ্ঠিত সংগ্রাম'র বার্ষিক কর্মী সমাবেশে সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন এমন প্রতিশ্রুতি ব্যক্ত করেছেন।

তিনি তাঁর বক্তব্যে নতুন বছরের শুরুতেই সংগ্রাম স্টাফদের যে সকল সুবিধা নিশ্চিত করতে চান, সে বর্ণনা দিয়ে বলেন- 'বর্তমানে দেশের অর্থনৈতিক ক্রান্তিকালের কথা চিন্তা করে কিছু সিদ্ধান্ত নেয়া হয়েছে, যা বাস্তবায়িত হবে ২০২৩ সালের জানুয়ারি থেকেই। এর মধ্যে পুরুষের পাশাপাশি নারীদের থাকার জন্য বাসা ভাড়া প্রদান, এক বেলা খাবারের স্থলে দুই বেলা খাবার বৃদ্ধি, সাপোর্ট স্টাফদের বর্তমান বেতনের সাথে এক হাজার টাকা বৃদ্ধি করে বেসিকভুক্ত করা, তিন বছরের জায়গায় এক বছর পূর্ণ হলেই মটরসাইকেলের জন্য ঋণ প্রদান।' এমন সব সিদ্ধান্ত বাস্তবায়িত করতে কর্মীদের সহযোগিতা কামনা করে বলেন- 'এই প্রতিষ্ঠান কেবল আমার নয়, আমাদের সবার।' একই সাথে সংগ্রাম'র কার্যনির্বাহী কমিটির সভাপতি অধ্যক্ষ জিয়াউল করিম তাঁর বক্তৃতায় উল্লেখ করে বলেন- 'নির্বাহী পরিচালকের কথা বাস্তবায়ন ও সংস্থার উন্নয়নে সকল কর্মকর্তা ও কর্মীদের আরও সচেষ্ট হয়ে কাজ করতে হবে।' এসময় উপস্থিত ছিলেন, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, প্রতিষ্ঠাতার সহধর্মিণী ফিরোজা চৌধূরী, সাধারণ পর্ষদের সদস্যবৃন্দ, উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন, সংগ্রাম'র পরিচালকবৃন্দ, জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার, ম্যানেজার, ফিল্ড অফিসার, অন্যান্য স্টাফবৃন্দ। হরিণপালার মাঠ মুখরিত করে সংগ্রাম স্টাফদের মিলন মেলার শুরুতেই ছিলো আমন্ত্রিত অতিথিদের উত্তরীয় পরিধান, বক্তৃতা ও মতবিনিময়, দুপুরে সকল স্টাফদের একত্রিত হয়ে মধ্যহ্ন ভোজ, সাংস্কৃতিক অনুষ্ঠান, কুইজ প্রতিযোগিতা। সর্বশেষ লাকী কুপন ড্র অনুষ্ঠানের মধ্যদিয়ে কর্মীসমাবেশের সমাপ্তি হয়।

# বরগুনায় শিক্ষা বাজেট বিষয়ক মতবিনিময় সভা




*প্রধান অতিথির বক্তব্য রাখছেন বরগুনা পৌরসভার মেয়র অ্যাড. কামরুল আহসান মহারাজ*

শিক্ষাব্যবস্থার গুণগত উৎকর্ষ নির্ভর বাজেট বরাদ্দের উপরে বরগুনায় শিক্ষা বাজেট শীর্ষক একটি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম ও গণসাক্ষরতা অভিযান'র বাস্তবায়নে ২০ ডিসেম্বর, মঙ্গলবার বেলা ১১ টায় বরগুনা পৌরসভার হল রুমে শিক্ষা বাজেট বিষয়ক মতবিনিময় সভা শুরু হয়। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বরগুনা পৌরসভার মেয়র অ্যাড. কামরুল আহসান মহারাজ। সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন'র সভাপতিত্বে ও লোকবেতার স্টেশন ম্যানেজার মনির হোসেন কামাল'র সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন, সহকারী কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট মো: মাহফুজুর রহমান, পিটিআই'র সুপারিনটেনডেন্ট অরুণ কুমার পান্ডে, সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ'র অধ্যক্ষ ও বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতির বরগুনার সভাপতি জিয়াউল করিম, পাথরঘাটা কলেজ'র অধ্যক্ষ জাহাঙ্গীর হোসেন, বরগুনা প্রেসক্লাব'র সভাপতি অ্যাড. সঞ্জীব কুমার দাস, বরগুনা সরকারি কলেজ'র সহযোগী অধ্যাপক মনজুরুল হাসান, জেলা শিক্ষা অফিস'র বিদ্যালয় পরিদর্শক অসিত মিত্র, জেলা মহিলা সংস্থার সভাপতি হোসনেয়ারা চম্পা, বরগুনা মক্তিযোদ্ধা ট্রাস্টির প্রতিষ্ঠাতা সাংবাদিক চিত্তরঞ্জন শীল, টেলিভিশন সাংবাদিক ফোরামে'র সভাপতি জাফর হোসেন হাওলাদার।

অনুষ্ঠানের শুরুতে শিক্ষা বাজেট বিষয়ক ধারণাপত্র পাঠ করেন, সংগ্রাম'র উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন। শিক্ষা বাজেট বিষয়েক পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন, সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মো: মাসউদ সিকদার। এ মতবিনিময় সভায় উন্মুক্ত আলোচনায় অংশ নিয়ে শিক্ষা বাজেট বৃদ্ধির খাত ও শিক্ষার মানোন্নয়ন সম্পর্কে আলোচনা করেন, বরগুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ফজিলাতুননেসা, পিটিআই পরীক্ষণ বিদ্যালয়'র প্রধান শিক্ষক আয়শা সাথী, নাপিতখালী পঞ্চগ্রাম মাধ্যমিক বিদ্যালয়'র সহকারী প্রধান শিক্ষক জাকির হোসেন, সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ'র প্রভাষক আ: হক, ব্র্যাক'র জেলা সমন্বয়কারী মারুফ পারভেজ ও ডেমা গুলিশাখালী মাধ্যমিক বিদ্যালয়'র প্রধান শিক্ষক আ: রাজ্জাক। বাজেটের সদ্ব্যবহার ও বাজেট বৃদ্ধিতে শিক্ষা ও শিক্ষার্থীদের নিয়ে নতুন নতুন আবিষ্কার উঠে আসবে, কারিগরি ও আইসিটি শিক্ষা ব্যবস্থা জোড়দার হবে- আলোচনায় এসকল বিষয় উঠে আসে। শিক্ষকদের নৈতিক মূল্যবোধ বৃদ্ধির পাশাপাশি শিক্ষার্থীদের গুণগত শিক্ষাদানে সব ধরণের ব্যবস্থা নিশ্চিত করতে সরকারের সংশ্লিষ্টদের প্রতি আহ্বান জানানো হয়।

# বরগুনায় বিশ্ব শিক্ষক দিবস পালিত

"শিক্ষকদের দিয়েই শিক্ষায় রূপান্তর শুরু" এই প্রতিপাদ্যকে সামনে রেখে বরগুনায় পালিত হয়েছে বিশ্ব শিক্ষক দিবস ২০২২। সংগ্রাম ও গণস্বাক্ষরতা অভিযান এর বাস্তবায়নে ১১ অক্টোবর, মঙ্গলবার বরগুনা পৌরসভা মিলনায়তনে বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আলোচনা সভা ও শ্রেষ্ঠ শিক্ষক এবং শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধানকে সম্মাননা প্রদান করা হয়। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বরগুনা এনজিও ডেভেলপমেন্ট ফোরাম এর সভাপতি বীর মুক্তিযোদ্ধা আব্দুল মোতালেব মৃধা। বাংলাদেশ কলেজ শিক্ষক সমিতি বরগুনা জেলা শাখার সভাপতি ও সৈয়দ ফজলুল হক ডিগ্রী কলেজ'র অধ্যক্ষ মোঃ জিয়াউল করিম'র সভাপতিত্বে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, বরগুনা জেলা শিক্ষা নেটওয়ার্ক এর সভাপতি হাসানুর রহমান ঝন্টু, পৌর নির্বাহী কর্মকর্তা আবুল কালাম আজাদ, জাতীয় মহিলা সংস্থার সভাপতি হোসনেয়ারা চম্পা। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় বক্তব্য রাখেন, শিক্ষা বিষয়ক গবেষক চিত্তরঞ্জন শীল, পাথরঘাটা ডিগ্রী কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ মোঃ জাহাঙ্গীর হোসেন, জাতীয় পুরস্কারপ্রাপ্ত শিক্ষক মোঃ সিদ্দিকুর রহমান, বরগুনা জেলা প্রাথমিক শিক্ষক সমিতির সভাপতি আঃ আলিম লিটন, চৌধুরী মাসুম টিবিএম কলেজের অধ্যক্ষ মোঃ ফারুক হোসেন, মাধ্যমিক শিক্ষক সমিতির সভাপতি হারুন আর রশিদ, পুলিশ লাইন হাইস্কুলের প্রধান শিক্ষক মোঃ ইদ্রিসুল আলম, বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি জাকির হোসেন মিরাজ, বর্তমান সাধারণ সম্পাদক অ্যাড. সোহেল হাফিজ, সাহিত্য-সাংস্কৃতিক ও ক্রীড়া বিষয়ক সম্পাদক জাহাঙ্গীর কবীর মৃধা, জেলা টেলিভিশন সাংবাদিক ফোরামের সভাপতি জাফর হোসেন হাওলাদার, জেলা প্রিন্ট মিডিয়া সাংবাদিক ফোরামের সাধারণ সম্পাদক রেজাউল ইসলাম টিটুসহ প্রাথমিক, মাধ্যমিক ও কলেজ শিক্ষক নেতৃবৃন্দ। বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে শ্রেষ্ঠ শিক্ষক হিসেবে বরগুনা সরকারি প্রাথমিক বিদ্যালয়'র প্রধান শিক্ষক মোসাঃ ফজিলাতুন্নেছা ও রোহিতা সরকারি প্রাথমিক বিদ্যালয়'র প্রধান শিক্ষক মোঃ ইব্রাহিম খলিল সম্মাননা ক্রেস্ট পান। শ্রেষ্ঠ প্রতিষ্ঠান প্রধান হিসেবে পাথরঘাটা আদর্শ পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মোঃ তরিকুল ইসলাম, বামনা সদর আর রশিদ ফাজিল মাদ্রাসার সুপার মোঃ ইউনুস আলী, সৈয়দ ফজলুল হক ডিগ্রি কলেজ এর অধ্যক্ষ মোঃ জিয়াউল করিম, চৌধুরী মাসুম টেকনিক্যাল এন্ড বিজনেস ম্যানেজমেন্ট কলেজ'র অধ্যক্ষ মোঃ ফারুক হোসেন সম্মাননা ক্রেস্ট পেয়েছেন।




# কলাপাড়ায় ডিজিটাল পরিসেবায় প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তি বিষয়ক কর্মশালা

পটুয়াখালীর কলাপাড়ায় ডিজিটাল পরিসেবায় প্রতিবন্ধী ব্যক্তিদের অন্তর্ভুক্তি বিষয়ক কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। ৮ নভেম্বর, মঙ্গলবার সকাল দশটায় কলাপাড়া প্রেসক্লাবের ইঞ্জিনিয়ার তৌহীদুর রহমান মিলনায়তনে এ কর্মশালা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে বালিয়াতলী ইউপি চেয়ারম্যান এবিএম হুমায়ুন কবির'র সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপজেলা পরিষদ ভাইস চেয়ারম্যান শফিকুল আলম বাবুল।

বিশেষ অতিথির বক্তব্য রাখেন কলাপাড়া প্রেসক্লাব সভাপতি মো. হুমায়ুন কবির, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা ফেরদৌস রহমান, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা তাছলিমা আক্তার, সিডিডির প্রকল্প পরিচালক মোশাররফ হোসেন, কাউন্সিলর রোজিনা আক্তার প্রমুখ।

সেন্টার ফর ডিজএ্যাবিলিটি ইন ডেভেলপমেন্ট (সিডিডি)'র সহযোগিতায় সংগ্রাম আয়োজিত কর্মশালায় প্রতিবন্ধী ব্যক্তিদের ডিজিটাল পরিসেবায় অংশ গ্রহণ নিয়ে আলোচনা করা হয়। কর্মশালায় সরকারি কর্মকর্তা, জনপ্রতিনিধি, তথ্য উদ্যোক্তা, বিকাশ সেন্টার প্রতিনিধি, এনজিও প্রতিনিধি ও প্রতিবন্ধী সংগঠনের নেতৃবৃন্দ অংশ নেন।



*কর্মশালায় বক্তব্য রাখছেন সংগ্রাম পরিচালক রেশমাতুজ্জামান*

# উন্নয়নে যুব সমাজ'র উদ্যোগে টেলিভিশন কাপ ফুটবল টুর্নামেন্ট



*টুর্নামেন্টের উদ্বোধন করছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক*

পাথরঘাটায় সাত দিনব্যাপী টেলিভিশন কাপ ফুটবল টুর্নামেন্ট অনুষ্ঠিত হয়েছে। সংগ্রাম'র আয়োজনে ও সমৃদ্ধি কর্মসূচির আওতায় উন্নয়নে যুব সমাজ'র উদ্যোগে ২০ অক্টোবর থেকে ৩০ অক্টোবর পর্যন্ত বাছাই পর্বের খেলা হয় এবং ১ নভেম্বর ফাইনাল খেলা অনুষ্ঠিত হয়। ২০ অক্টোবর, বিকেল ৩ টায় পাথরঘাটা ইউনিয়নের হাড়িটানা আদর্শ মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ টুর্নামেন্ট'র উদ্বোধন ঘোষণা করেন, অনুষ্ঠানের প্রধান অতিথি সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম। উন্নয়নে যুব সমাজ ইউনিয়ন সভাপতি মো. মাসুম বিল্লাহ'র সভাপতিত্বে বক্তব্য রাখেন, সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন। এসময় উপস্থিত ছিলেন, হাড়িটানা আদর্শ মাধ্যমিক বিদ্যালয়'র প্রধান শিক্ষক উৎপল কুমার মিত্র, উপজেলা ক্রীড়া সংস্থার হেমায়েত হোসেন ভুট্টো, ইউপি নারী সদস্য ফাতেমা বেগম, ইউপি সদস্য মো. আল আমীনসহ স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ, সাংবাদিক, পাথরঘাটা ইউনিয়নের যুব নেতৃবৃন্দ এবং সমৃদ্ধি কর্মসূচির কর্মকর্তাবৃন্দ।

পাথরঘাটা ইউনিয়নের রুহিতা ক্রীড়া পরিষদ, হাতেমপুর খেলাঘর, চরলাঠিমারা সুন্দরবন ক্লাব, হাড়িটানা আল আমিন স্মৃতি সংসদ, পদ্মা সুন্দরবন ক্লাব, বাদুরতলা একাদশ, গহরপুর একাদশ, নিজলাঠিমারা একাদশ মিলে যুবদের এই ৮টি টিম খেলায় অংশ নেয়। ফাইনালে হাতেমপুর খেলাঘর চ্যাম্পিয়ন হয়ে স্মার্ট টেলিভিশন হস্তগত করে। ম্যান অব দ্যা ম্যাচ হওয়ার গৌরব অর্জন করে নিজলাঠিমারা একাদশ'র খেলোয়ার মিজানুর রহমান। টুর্নামেন্ট'র দল পরিচালনা, মাঠ ব্যবস্থাপনা, ধারাভাষ্য, প্রচার ও অর্থ সংগ্রহ করেছে পাথরঘাটা উন্নয়নে যুব সমাজের ইউনিয়ন কমিটির নেতৃবৃন্দ।



## বীনামূল্যে সূর্যমুখী বীজ পেয়েছে ৮৬০ চাষী

সিডরের সঙ্কট কাটিয়ে কৃষিতে সম্ভাবনার পথে হাঁটছে পাথরঘাটার ৮৬০ কৃষক। সিডর যেমন প্রাণ কেড়ে নিয়েছিলো তেমনি উর্বরা করে দিয়েছে জমি। স্বজনদের মৃত্যুর ধকল কাটিয়ে ১৩ বছরে কৃষিতে যথেষ্ট এগিয়েছে পাথরঘাটা উপজেলার সিডরে ক্ষতিগ্রস্থ কৃষক। মাঠে তাদের হরেক রকম রবি আবাদের আয়োজন। সব রকমের বীজ মিললেও, মিলছে না এবছর মানসম্পন্ন সূর্যমুখীর বীজ। গত বছর স্থানীয় পর্যায় থেকে বীজ কিনে ঠকেছে এই কৃষকরা। এবছর উদ্বিগ্ন ছিলো বীজ নিয়ে। এই পরিস্থিতি পাল্টে দিয়েছে সংগ্রাম। সংগ্রাম চীন থেকে এসিআই কোম্পানীর মাধ্যমে 'হাইসান ৩৬' সূর্যমুখী বীজ সংগ্রহ করেছে এবং পাথরঘাটার বিভিন্ন গ্রামের ৮৬০ জন কৃষকের মাঝে বিনামূল্যে বিতরণ করেছে।

সদর ইউনিয়নের রুহিতা মাধ্যমিক বিদ্যালয়ের সম্মেলন কক্ষে গত ৫জানুয়ারি আনুষ্ঠানিকভাবে বীজ বিতরণ অনুষ্ঠান উদ্বোধন করা হয়। উন্নয়নে যুব সমাজের ইউনিয়ন কমিটির সভাপতি মাসুম বিল্লাহ'র সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন উপজেলা চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির, বিশেষ অথিতি হিসেব রুহিতা মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক মনোজ কুমার, রুহিতা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক গোলাম সরোয়ার, সংগ্রাম'র পরিচালক মাসউদ সিকদার। চাষ পদ্ধতির উপর ধারণা প্রদান করেন চৌধুরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যক্ষ মো. জাকির হোসেন। বীজ বিতরণ করেছে পেস প্রকল্পের সহকারি ভ্যালুচেইন ফেসিলিটেটর মো. মাসুদুর রহমান ও ফজলুল হক সোহাগ এবং সংগ্রাম বাস্তবায়িত সমৃদ্ধি কর্মসূচির উদ্যোগ উন্নয়ন কর্মকর্তা মামুন আর রশিদ ও গোলাম মোরশেদ রাহাত। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)'র সহযোগিতায় ও সংগ্রাম'র বাস্তবায়নে 'সূর্যমুখীর উৎপাদন বৃদ্ধি ও বাজারজাতকরণের মাধ্যমে আয়বৃদ্ধি ও কর্মসংস্থান সৃষ্টি'-প্রকল্পের মাধ্যমে এই বীজ প্রদান করা হয়েছে।



*হাইসান ৩৬ সূর্যমুখী বীজ গ্রহণ করছেন চাষী*



## বরগুনায় এফএনবি'র সভাপতি চৌধুরী মুনীর হোসেন ও সেক্রেটারী মারুফ পারভেজ

বরগুনা এনজিও ফেডারেশন (এফএনবি)'র বরগুনা জেলা কমিটিতে সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেনকে সভাপতি ও ব্রাক'র জেলা সমন্বয়ক মারুফ পারভেজকে সাধারণ সম্পাদক নির্বাচিত করা হয়েছে। ১০ সেপ্টেম্বর সন্ধ্যায় সংগ্রাম প্রধান কার্যালয়'র হলরুমে আয়োজিত এনজিও ফেডারেশন'র বার্ষিক সাধারণ সভা ও জেলা কমিটি পুনর্গঠন উপলক্ষে আয়োজিত সাধারণ সভায় এই কমিটি গঠন করা হয়।

বরগুনায় ৮৭ টি এনজিও নানা ধরনের কর্মকাণ্ড পরিচালনার মাধ্যমে আর্থসামাজিক উন্নয়নে বিভিন্নভাবে অবদান রেখে চলেছে। এসকল এনজিওকে জোটবদ্ধ করার মাধ্যমে ভুক্তভোগী অংশিজনদের অধিক মাত্রায় সহযোগিতা প্রদানের উদ্যেশ্যে এবং  এনজিওগুলো একে অপরের সাথে মিলেমিশে কাজ করতে পারে, সে লক্ষ্যকে সামনে রেখে এফএনবি প্ল্যাটফর্মে ২২ টি এনজিও কমিটিভুক্ত হয়েছে। পাঁচ বছর আগে গঠিত কমিটির অধিকাংশ প্রতিনিধি স্থানান্তরিত হওয়ায় কমিটি পূনগঠনের আবশ্যকতা তৈরি হয়েছে। যার প্রেক্ষিতে নতুনভাবে বার্ষিক সাধারণ সভার আহ্বান করা হয় এবং এই সভার  মাধ্যমে কমিটি পুনর্গঠন করা হয়।

কমিটি গঠনের প্রাক্কালে তিন সদস্য বিশিষ্ট একটি আহবায়ক কমিটিকে দায়িত্ব প্রদান করা হয়। আহ্বায়ক কমিটির প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন অন্বেষা এনজিও'র নির্বাহী পরিচালক শামসউদ্দিন খান।

আয়োজিত সাধারণ সভায় ২২ টি এনজিও'র প্রতিনিধিগণ উপস্থিত ছিলেন।

## আর্ন্তজাতিক দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ দিবস পালন

২০৩০ সালের মধ্যে মানুষের মাঝে বিভিন্ন প্রকার প্রাকৃতিক দূর্যোগের পূর্ব সতর্কতা পদ্ধতি এবং দূর্যোগ ঝুঁকির তথ্য ও মূল্যায়ন নিশ্চিতকরণ পদ্ধতিকে পর্যাপ্ত পরিমানে বৃদ্ধি করার প্রত্যয় নিয়ে সিডরে ক্ষতিগ্রস্থ পাথরঘাটার পদ্মা গ্রামে আর্ন্তজাতিক দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ দিবস-২০২২ উদযাপন করা হয়েছে। এ উপলক্ষে বন্যাঢ্য র‍্যালি, আলোচনা সভা ও দুর্যোগ বিষয়ক কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে।

দিবস পালনের শুরুতে এলাকার অধিক ঝুঁকিগ্রস্থ নারী পুরুষের সমন্বয়ে ১৩ অক্টোবর বেলা ৯:০০ টায় বর্ণাঢ্য র‍্যালী পদ্মা গ্রামের বেড়িবাঁধ প্রদক্ষিণ করে। র‍্যালি শেষে পদ্মা সাইক্লোন শেল্টারে আলোচনা সভা অনুষ্ঠিত হয়। এতে সভাপতিত্ব করেন সংগ্রাম'র হাড়িটানা শাখার ব্যবস্থাপক মোঃ আবদুল খালেক। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগ্রাম'র সিনিয়র ডিরেক্টর (প্রোগ্রাম) জনাব মোঃ ইউসুফ। বিশেষ অতিথি ছিলেন সাংবাদিক শফিকুল ইসলাম খোকন, যুব কমিটির সভাপতি মো. মাসুম বিল্লাহ, সংগ্রাম'র এরিয়া ম্যানেজার মো. রিপন মিয়া, স্বাস্থ্য কর্মকর্তা মো. আমিনুল হক।

সঞ্চালনা করেন এসইপি'র ডকুমেন্টেশন অফিসার সজল মিত্র। সভায় স্বাগত বক্তব্য রাখেন স্থানীয় দুর্যোগ প্রস্তুতি কর্মসূচি'র মো. আবদুর রহিম। দুর্যোগ বিষয়ে ধারণাপত্র উপস্থাপন করেন এসইপি'র পরিবেশ অফিসার মোঃ আরাফাত ইসলাম। মুক্ত আলোচনায় অংশগ্রহনকারীদের পক্ষ থেকে দাবী তুলে ধরা হয় যে, 'পদ্মার স্লুইজের মানুষ বিভিন্ন সময়ে প্রাকৃতিক দুর্যোগে শিকার হন এবং সঠিক দুর্যোগ ব্যবস্থাপনার অভাবে এই এলাকার মানুষ দুর্যোগকালীন এবং পরবর্তী সময়ে নানা ধরনের সমস্যায় ভোগেন এবং মৃত্যুবরণ করেন। আমরা চাই একটি মানুষও যেন আর ক্ষতিগ্রস্থ না হয়'। পরে অংশগ্রহণকারীদের আলোচনার বিষয়বস্তুর উপর কুইজ প্রতিযোগিতার আয়োজন করা হয় এবং তাদের পুরস্কৃত করা হয়। অংশগ্রহণকারীদের মধ্যে কুইজ প্রতিযোগিতায় ১ম, ২য় ও ৩য় স্থান অধিকার করেন যথাক্রমে কবির হোসেন, হিরু নাইম ও রাসেল।

বরগুনা ও পটুয়ালী জেলায় বিষমুক্ত শুঁটকি উৎপাদন ও সম্প্রসারনের লক্ষ্যে সাসটেইনাবেল এন্টারপ্রাইজ প্রজেক্ট'র আওতায় "বাংলাদেশের দক্ষিণাঞ্চলে পরিবেশবান্ধব উপায়ে নিরাপদ শুঁটকি উৎপাদনকারী উদ্যোক্তা তৈরি ও প্রসারের ব্যবস্থা গ্রহণ" বিষয়ক উপ-প্রকল্পের মাধ্যমে আর্ন্তজাতিক দূর্যোগ ঝুঁকি হ্রাসকরণ দিবস-২০২২ আয়োজন করা হয়।






### সংগ্রাম'র সমৃদ্ধি কর্মসূচির আওতায় নাক-কান-গলা চিকিৎসায়
## বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প সম্পন্ন

সমৃদ্ধি কর্মসূচি'র স্বাস্থ্যসেবা ও পুষ্টি কার্যক্রম এর আওতায় বিশেষজ্ঞ চিকিৎসকের মাধ্যমে বিনামূল্যে স্বাস্থ্য ক্যাম্প আয়োজন করা হয়েছে। এই ক্যাম্পের মাধ্যমে ৪১৩ জন রোগিকে চিকিৎসা প্রদান করা হয়। চিকিৎসা প্রদান করেছেন, মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতালের নাক-কান-গলা বিভাগের জুনিয়র কনসালটেন্ট ডাঃ মোঃ জাবের-আল-সাঈদ। ২১ নভেম্বর পাথরঘাটার হাতেমপুরে অবস্থিত সংগ্রাম হেলথ কেয়ার সেন্টারে এ স্বাস্থ্য ক্যাম্পের আয়োজন করা হয়। এই ক্যাম্প এর মাধ্যমে পাথরঘাটার ১৯৫ জন রোগীর নাক-কান-গলা রোগ পরীক্ষার মাধ্যমে ব্যবস্থাপত্র প্রদান করা হয়। ২২ নভেম্বর বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের মধ্য কাকচিড়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বিতীয় ক্যাম্পের আয়োজন করা হয়। এই ক্যাম্প এর মাধ্যমে ডৌয়াতলা ইউনিয়নের ২১৮ জন নাক-কান-গলা রোগের রোগীদের রোগ পরীক্ষার ব্যবস্থাপত্র প্রদান করা হয়। বিশেষজ্ঞ ডাক্তারের পাশাপাশি এমবিবিএস ডাক্তার নিউটন হালদার সাধারণ চিকিৎসা প্রদান করেন। ক্যাম্প ম্যানেজারের দায়িত্ব পালন করেন, সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য কর্মকর্তা প্যারামেডিক ডাক্তার মোঃ মিজানুর রহমান। সংগ্রাম'র ২৭ জন স্বাস্থ্য পরিদর্শক এই ক্যাম্পে সর্বতোভাবে সহযোগিতা করেন। উল্লেখ্য, পাথরঘাটা ও বামনা উপজেলায় সংগ্রাম'র মাধ্যমে ১১ বছর যাবৎ সমৃদ্ধি কর্মসূচি বাস্তবায়িত হয়ে আসছে। এই কর্মসূচির আর্থিক সহযোগিতা করছে পল্লী কর্ম সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

## আন্তর্জাতিক সাক্ষরতা দিবস পালন

সংগ্রাম'র উদ্যোগে ৮ সেপ্টেম্বর, বৃহস্পতিবার বরগুনার শহীদ স্মৃতি সড়কে অবস্থিত সংগ্রম প্রধান কার্যালয়ের সম্মেলন কক্ষে সাক্ষরতা দিবস উপলক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। শিক্ষক দিবসের এ বছরের প্রতিপাদ্য ছিলো 'সাক্ষরতা শিখন ক্ষেত্রের প্রসার'। এই প্রতিপাদ্যকে বিষয়বস্তু করে অতিথি বক্তাগণ আলোচনা করেন।

আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উপলক্ষে আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা শিক্ষা নেটওয়ার্কের সভাপতি ও চ্যানেল আই ও বাংলাদেশ প্রতিদিন'র বরগুনা প্রতিনিধি হাসানুর রহমান ঝন্টু। বিশেষ অতিথি ছিলেন, অবসরপ্রাপ্ত প্রধান শিক্ষক ও সনাক'র সাবেক সভাপতি আলহাজ্ব আব্দুর রব ফকির, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধুরী মোঃ মাসুম। সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন'র সভাপতিত্বে অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন, সংগ্রাম'র পরিচালকবৃন্দ, জোনাল ম্যানেজার, এরিয়া ম্যানেজার ও ব্রাঞ্চ ম্যানেজারবৃন্দ। অতিথিরা তাদের বক্তব্যে সাক্ষরতার হার বাড়ানো, মানসম্পন্ন শিক্ষা ব্যবস্থা ও এসডিজি অর্জনের পক্ষে অভিমত ব্যক্ত করেন। এ সময় সংগ্রাম'র এরিয়া ম্যানেজার, ব্রাঞ্চ ম্যানেজার ও প্রজেক্ট প্রধানসহ ৮৮ জন অংশগ্রহনকারী উপস্থিত ছিলেন।




## 'এক দোকানের কলম ও অন্য দোকানের সাদা কাগজ দিয়ে শুরু ৩৮ বছরের এই সংগ্রাম'
### -প্রতিষ্ঠাতা চৌধুরী মোহাম্মদ মাসুম

'পাথরঘাটা যুব ক্লাব দিয়ে তৈরি হয়েছিলো সংগ্রাম'র পথ চলা। ৩৭ বছর অতিক্রম করে আজ ৩৮ এ পা রেখেছে সংস্থাটি। আমি মরার পরে এই প্রতিষ্ঠান কিভাবে চলবে, সেটা ভেবে চাকুরীটা ছেড়ে দিয়েছি। আলহামদুলিল্লাহ! আমি এ পর্যন্ত খুশি, টিম ওয়ার্কের মাধ্যমে ভালো চলছে সংগ্রাম। টিম ওয়ার্ক যদি অক্ষত থাকে এবং নিজেদের মধ্যে যদি কোন দ্বন্দ্ব সংঘাত না হয়, তাহলে এই প্রতিষ্ঠান অনেক দূর আগাতে পারবে। প্রতিষ্ঠান ধ্বংস হয় অন্তরদ্বন্দ্বের কারণে। তাই কারো মনের মধ্যে দ্বন্দ্ব পুঁষে না রাখলেই একটি প্রতিষ্ঠান অনেক বছরের পথ পাড়ি দিতে পারে।' সংগ্রাম'র ৩৮-তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে এমন ভিন্ন আঙ্গিকে কথা বলেছেন সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম।

৬ জানুয়ারি সন্ধ্যায় শহীদ স্মৃতি সড়ক প্রধান কার্যলয়ে সংগ্রাম'র প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে সংস্থার ইতিহাস বর্ণনা করে তিনি আরো বলেন, 'আমি কখনো স্বপ্ন দেখি না, আমি চলতে থাকি। আমি যখন চলা শুরু করি তখন পিছনে কি হয়, সেটা আমি কখনো দেখি না। রিস্ক নিতে হবে প্রতিটি কাজে। না হলে জীবনে ভালো কিছু অর্জণ করা সম্ভব না। আমার পিতার অর্থের অভাব ছিলো না। আমি স্বচ্ছল পরিবারের সন্ড়ান ছিলাম। আমি বঙ্গবন্ধুর প্রদান করা সাড়ে সাত কোটি কম্বলের মধ্য থেকে একটি কম্বল, এক জোড়া স্যান্ডেল, লুঙ্গি ও পাঞ্জাবি পরে ওই সময়ে ছামাদ লঞ্চের ছাদে কুয়াশায় ভিজে অফিসের কাজে ঢাকায় গিয়েছি। ১৭ দিন থাকার ফসল হিসেবে আমার পাথরঘাটার মানুষের জন্য তিন বস্তা খাবার স্যালাইন এনে শুরু করেছিলাম আমার প্রথম কাজ। এভাবেই আমি সফলতা অর্জন করতে পেরেছি। জীবনে কষ্ট করলে সফলতা অনিবার্য।'

এসময় তাঁকে ও তাঁর সহধর্মীনীকে সংগ্রাম'র স্বর্ণের কোর্ট পিন পড়িয়ে দেন সংস্থার উপনির্বাহী পরিচালক চৌধুরী মোহাম্মাদ মঈন ও পরিচালক (অর্থ) রেশমাতুজ্জামান। সংগ্রাম'র পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদারের উপস্থাপনায় সূচনা বক্তব্য রাখেন, সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধুরী মুনীর হোসেন। প্রধান কার্যলয়ের কর্মকর্তা ও বিভিন্ন শাখার কর্মীগণ উপস্থিত ছিলেন। কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকী উদ্যাপন করা হয়। পরে দিনটি উৎসবমুখর করতে রাতের আকাশে উড়িয়ে দেয়া হয় ফানুস, ফাটানো হয় আতশবাজি। চির বন্ধনে অটুট থাকবে সংগ্রাম পরিবার, এমন প্রত্যাশা উপস্থিত সকলের।




**পৃষ্ঠপোষক ঃ** চৌধূরী মুনীর হোসেন, **নির্বাহী সম্পাদক ঃ** চৌধূরী মোহাম্মাদ মঈন, **সম্পাদক ঃ** মো. মাসউদ সিকদার, **গ্রাফিক্স ঃ** মো. আরিফ মিয়া
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন ঃ +৮৮ ০৪৪৮ ৬২৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo